



‘সমানা মনঃ সখিষি: সমানী’

UNIVERSITY OF NORTH BENGAL  
B.A. Honours 4th Semester Examination, 2024

SEC1-P2-BENGALI

NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:

৩×৪ = ১২

- (ক) ‘বিজ্ঞাপন’ শব্দের অর্থ কী? দৃশ্য ও শ্রাব্য বিজ্ঞাপনের কয়েকটি মাধ্যম উল্লেখ করো।
- (খ) প্রতিবেদন বলতে কী বোঝো? প্রতিবেদন রচনার দুটি বৈশিষ্ট্য লেখো।
- (গ) প্রুফ সংশোধনের তিনটি নিয়ম উল্লেখ করো।
- (ঘ) ভাবসম্প্রসারণ লেখার ক্ষেত্রে কোন্ কোন্ বিষয়ের উপর সতর্ক থাকতে হয়, তা লেখো।
- (ঙ) কাঙ্ক্ষনিক সংলাপ বলতে কী বোঝায়?
- (চ) সার্থক অনুবাদের জন্য অনুবাদককে কোন কোন বিষয়ের উপর সতর্ক থাকতে হয়?

বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:

৬×৪ = ২৪

- (ক) ভর্তির ফি মুকুবের জন্য তোমার কলেজের অধ্যক্ষের নিকট একটি আবেদনপত্র রচনা করো।
- (খ) একজন নিখোঁজ ব্যক্তির সন্ধান চেয়ে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি বিজ্ঞাপনের খসড়া রচনা করো।
- (গ) প্রুফ সংশোধন করো:

পাণ্ডুলিপি:

বিপদে মোরে রক্ষা করো এ নহে মোর প্রার্থনা —  
বিপদে আমি না যেন করি ভয়।  
দুঃখতাপে ব্যথিত চিতে নাই বা দিলে সান্ত্বনা,  
দুঃখে যেন করিতে পারি জয়॥

প্রুফ সংশোধন করো:

বপদে মোরে রক্ষা ক রো এ নহে মো প্রার্থনা —  
বিপদে আমি  
না নযে করি ভয়  
দুখ তাপে ব্যাথিত চিন্তে নাই বা দিলে সান্ত্বনা  
দুঃখে যেন করতে পারই জয়॥

(ঘ) বাংলায় অনুবাদ করো:

Education has no end. So you should keep up your reading. Many young men close their books when they have taken their degrees and learn no more. Therefore they very soon forget all they have ever learn. If you want to continue your education, you must find time for serious reading. But solitary study is not enough. You can learn much from discussion and conversation with others.

(ঙ) তোমার ফেসবুক একাউন্ট হ্যাক হয়েছে, এ বিষয়ে সাইবার ক্রাইম অফিসারের নিকট একটি অভিযোগপত্র দাখিল করো।

(চ) ভাবার্থ লেখো:

তোমাতে রয়েছে সকল কেতাব সকল কালের জ্ঞান,  
সকল শাস্ত্র খুঁজে পাবে সখা, খুলে দেখ নিজ প্রাণ!  
তোমাতে রয়েছে সকল ধর্ম, সকল যুগাবতার,  
তোমার হৃদয় বিশ্ব-দেউল সকল দেবতার।  
কেন খুঁজে ফের' দেবতা ঠাকুর মৃত পুঁথি-কঙ্কালে?  
হাসিছেন তিনি অমৃত-হিয়ার নিভৃত অন্তরালে!

বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:

১২×২ = ২৪

(ক) প্রবন্ধ লেখো: (যে-কোনো একটি)

(অ) “মাতৃভাষার মাধ্যমে শিক্ষার প্রয়োজনীয়তা”।

(আ) সাহিত্যিক মধুসূদন দত্ত।

(খ) কলেজের ছাত্রছাত্রীদের উদ্যোগে আয়োজিত বনমহোৎসব ও বৃক্ষরোপণ অনুষ্ঠানকে কেন্দ্র করে একটি প্রতিবেদন রচনা করো।

(গ) শিক্ষাপ্রতিষ্ঠানে র‍্যাগিং-এর মারাত্মক কুফল নিয়ে দুই ছাত্রের মধ্যে কাল্পনিক সংলাপ রচনা করো।

(ঘ) ভাবসম্প্রসারণ করো:

পরের অনিষ্ট চিন্তা করে যেই জন  
নিজের অনিষ্ট বীজ করে সে বপন।

—X—